**Fish Tail Palm: *Caryota urens* L.; Family- Arecaceae**

Fish-tail palm is botanically known as the *Caryota urens* L. belonging to the family Palmae or Arecaceae. It grows naturally in open cleaned areas of the rain forest of India, Srilanka and Myanmar. The epithet *urens* in Latin means ‘stinging’ a reference to the irritating juice in the fruits. In English it is also known by the names as Jaggery Palm and Toddy Palm. Economically, the sap of this plant is used to produce jiggery, a type of the sugar and toddy, a fermented alcoholic beverage which have same cultural and economic importance, also known as wine palm. Besides, it has some mythological and cultural significance in different regions of Asia. The myth surrounding this plant revolves around the belief that its seeds only germinate when dispersed by birds or small mammals through their droppings. This belief from the fact that the seeds are difficult to germinate and take long time. The word *Caryota* in Greek means ‘nut’ and *urens* means ‘tailed’ structure of the leaves. In Odisha state, the toddy prepared from the extracted sap of this plant plays a central role in shamanic rituals and ancestral worship. It is considered as a sacred tree by Shamans and is used in various ceremonies. In Indonesia it is known as “the hand of the gods” having the drooping leaves symbolizes as “hand from heaven”. It has some decorative uses and in Tamil Nadu it is decorative ‘Pandels’ as used in Ayurveda. The pith of the stems yields a starch called ‘sago’. It is a source of food, medicine and a cultural element in various societies. A closely related another plant species *Caryota mitis* has some mythological facts, also commonly known as fish tail palm. In Cambodia, healers burn felted hairs from the leaf axils to treat ill limbs. The generic name *Caryota* comes from Greck means ‘nut’ and the specific name ‘*mitis*’means ‘unarmed’ or ‘mild’ as it is not dangerous as like other palms with arms or thorns. The common English name Fishtail palm comes from the shape of the leaflets which resembles with the tails of gold fish. *Caryota urens* has some medicinal uses to treat seminal weakness, urinary disorder and hemicranias (severe headache). The flowers are used to treat gastric ulcers, migraine headaches, rheumatic swelling, etc.

ক্যারিওটা ইউরেন্স (এরিকেসি পরিবারভুক্ত), সাধারণত ফিশ-টেইল পাম নামে পরিচিত। এই গাছ মূলত ভারতে, শ্রীলঙ্কায় ও মায়ানমারের বর্ষাবনের খোলা, পরিষ্কার এলাকায় জন্মায় । এটির প্রজাতিগত নাম ইউরেন্স (লাতিন অর্থ "তীক্ষ্ণতা") এটির ফলের রসের তীব্র জ্বালাযুক্ত বৈশিষ্ট্যের প্রতি ইঙ্গিত করে। ইংরেজিতে এটিকে জ্যাগেরি পাম বা তডি পাম ও বলা হয়। অর্থনৈতিকভাবে এটি

অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটির রস থেকে গুড় এবং তাড়ি তৈরি হয়। তাড়ি এক ধরনের মদ, যা বহু অঞ্চলে লৌকিক ও অর্থনৈতিক গুরুত্ব বহন করে। এইজন্য এটিকে ওয়াইন পামও বলা হয়। কাণ্ডের শাঁস থেকে সাগু নামক এক ধরনের শর্করা পাওয়া যায়, যা খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। এই গাছের সঙ্গে কিছু পুরাণ ও সাংস্কৃতিক বিশ্বাস জড়িত। একটি প্রচলিত ধারণা হলো, এটির বীজ কেবল পাখি বা ছোট স্তন্যপায়ী প্রাণীর মল দ্বারা ছড়ালে অঙ্কুরিত হয়—যা এটির অঙ্কুরোদ্গমের জন্য বিশেষ প্রয়োজনীয়। ওড়িশায় এটির তাড়ি আধিদৈবিক আচার ও পূর্বপুরুষদের পূজায় কেন্দ্রীয় ভূমিকা পালন করে। শামানরা এটিকে পবিত্র গাছ মনে করেন এবং বিভিন্ন অনুষ্ঠানে ব্যবহার করেন। ইন্দোনেশিয়ায় এটিকে "ভগবানের হাত" বলা হয়, যেখানে এটির ঝুলন্ত পাতা স্বর্গীয় হাতের প্রতীক। তামিলনাড়ুতে এটি প্যান্ডেল তৈরিতে ব্যবহৃত হয়। ক্যারিওটা শব্দটি গ্রিক ভাষা থেকে এসেছে, যার অর্থ ইংরেজিতে পাট অথবা বাংলায় 'বাদাম'। এ গোষ্ঠীর আরেক প্রজাতি ক্যারিওটা মিটিস, এটিকে *ফিস টেইল* ও বলা হয়, এটি কাম্বোডিয়ায় চিকিৎসায় ব্যবহৃত হয়—বিশেষত পত্রগর্ভের লোম পুড়িয়ে অসুস্থ অঙ্গ সারাতে ব্যবহৃত হয়। মিটিস শব্দের অর্থ 'নিরস্ত্র' বা 'স্নিগ্ধ', কারণ এটি অন্যান্য কাঁটাযুক্ত ডালজাতীয় গাছের মতো নয়। *ফিশ-টেইল পামের* নানান ঔষধি ব্যবহারও রয়েছে। এটি বীর্যদৌর্বল্য, মূত্রসংক্রান্ত রোগ এবং অন্যান্য রোগ নিরাময়ে ব্যবহৃত হয়।এটির ফুল পাকস্থলির ক্ষত, মাথার তীব্র যন্ত্রণা ও বাতজনিত ব্যাথা নিরাময়ে কার্যকর বলে প্রমাণিত। এটির পাতার পত্রকগুলির আকার মাছের লেজের মতো হওয়ায় এটিকে ফিস টেইল পাম বলা হয়।